

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ১৬৮

বিলোনীয়া, ২২ এপ্রিল, ২০২৪

লোকসভা নির্বাচন ২০২৪

বিলোনীয়া মহকুমায় পোস্টাল ব্যালটে ভোটগ্রহণ

২-ত্রিপুরা পূর্ব (এসটি) সংসদীয় নির্বাচনী ক্ষেত্রের অন্তর্গত বিলোনীয়া মহকুমায় ভোটের কাজে নিযুক্ত ভোটকর্মীদের গতকাল থেকে পোস্টাল ব্যালটে ভোটগ্রহণ প্রক্রিয়া শুরু হয়েছে। বিলোনীয়া বিদ্যাপীঠ দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে আজ পর্যন্ত মোট ১৭০ জন ভোটের কাজে নিযুক্ত কর্মী পোস্টাল ব্যালটের মাধ্যমে ভোটাধিকার প্রয়োগ করেছেন। উল্লেখ্য, বিলোনীয়া মহকুমায় ৩৭-খ্যামুখ বিধানসভা কেন্দ্র ২-ত্রিপুরা পূর্ব (এসটি) সংসদীয় আসনের অন্তর্গত। ৩৭-খ্যামুখ বিধানসভা নির্বাচনী ক্ষেত্রে মোট ভোটার রয়েছেন ৪৭ হাজার ৩৩২ জন। এরমধ্যে পুরুষ ভোটার ২৪ হাজার ৩১৪ জন এবং মহিলা ভোটার ২৩ হাজার ১৮ জন। মোট ভোটগ্রহণ কেন্দ্র রয়েছে ৫৯টি। এরমধ্যে ২টি মডেল, ২টি মহিলা, ১টি দিব্যাঙ্গজন ও ১টি যুব ভোটকর্মীদের দ্বারা পরিচালিত ভোটগ্রহণ কেন্দ্র রয়েছে। দক্ষিণ ত্রিপুরা জেলা নির্বাচন আধিকারিক কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*